

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি  
শাহবাগ, ঢাকা- ১০০০  
www.bcsadminacademy.gov.bd

কোটেশন বিজ্ঞপ্তি


নম্বর: ০৫.০২.০০০০.০১১.১৪.০৩৭.১৮-১৮৬(১০)

তারিখ: ০২ এপ্রিল ২০১৮

বিষয়: 'বিসিএস প্রশাসন একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণ' প্রকল্পের আওতায় গাড়িচালক সরবরাহের কোটেশন আহ্বান

পদের নাম, যোগ্যতা ও বয়স	সর্বসাকুল্য বেতন	পদসংখ্যা	মেয়াদ
গাড়িচালক এস এস সি পাস/সমমান গাড়িচালনার বৈধ লাইসেন্সধারী বয়সসীমা: ১৮-৩০ বৎসর অভিজ্ঞতা: দুই বৎসর	১৮,৫১৮/- টাকা	দুইটি	জুন ২০২০ পর্যন্ত

- ০১। কোটেশন প্রদানে ইচ্ছুক সরবরাহকারী প্রতিষ্ঠান এতদসঙ্গে সংযুক্ত দরপত্র /সিডিউল অনুযায়ী কোটেশন আগামী ১২ এপ্রিল ২০১৮ দুপুর ১২:০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে পারবে। কোটেশনের সাথে ট্রেড লাইসেন্স, ভ্যাট এবং আয়কর সনদ এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর দাখিলকৃত কোটেশন গ্রহণ করা হবে না। এ ক্ষেত্রে কোটেশন খাম না খুলেই ফেরত পাঠানো হবে। দাখিলকৃত কোটেশনসমূহ মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়নের পর কার্যাদেশ প্রদান করা হবে।
- ০২। গৃহীত ও অনুমোদিত ক্রয় আদেশের বিপরীতে কেবল বাংলাদেশী টাকায় মূল্য পরিশোধ করা হবে।
- ০৩। কোটেশন দাখিলের সর্বশেষ তারিখ থেকে ৩০ দিন পর্যন্ত দাখিলকৃত কোটেশনসমূহের বৈধতা থাকবে।
- ০৪। কোটেশন সরবরাহকারীর পক্ষে কেবল ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি স্বাক্ষর সম্পাদন করতে পারবেন। এ ক্ষেত্রে সরবরাহকারী প্রতিষ্ঠানের পক্ষে বাংলাদেশের অভ্যন্তরে গাড়িচালক সরবরাহের জন্য অনুমোদিত হতে হবে।
- ০৫। যদি কোন কারণে ইউনিট মূল্য এবং মোট মূল্যের গরমিল দেখা দেয়, সে ক্ষেত্রে উদ্ধৃত ইউনিট মূল্যকে বিবেচনায় এনে কোটেশন মূল্যায়ন করা হবে এবং সে অনুযায়ী আদেশ প্রদান করা হবে।
- ০৬। মোট মূল্য থেকে বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- ০৭। পিপিআর- ২০০৮ ও এর সংশোধনীর আলোকে কোটেশন দাখিল করতে হবে।
- ০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন কিংবা সকল কোটেশন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
ড. শাহ আলম

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও  
প্রকল্প পরিচালক

"বিসিএস প্রশাসন একাডেমির সক্ষমতা বৃদ্ধিকরণ" প্রকল্প  
বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা

বিতরণ:

১. প্রোগ্রামার, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা (একাডেমির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
২. নোটিশ বোর্ড, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা
৩. নোটিশ বোর্ড, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (হাসাপাতাল), শাহবাগ, ঢাকা
৪. নোটিশ বোর্ড, জাতীয় গ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা
৫. নোটিশ বোর্ড, বাংলাদেশ জাতীয় যাদুঘর, শাহবাগ, ঢাকা
৬. নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয় গেইট, ঢাকা
৭. নোটিশ বোর্ড, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ নিউ ইস্কাটন, ঢাকা
৮. নোটিশ বোর্ড, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন, ঢাকা
৯. অফিস কপি